

# ■ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৬২২ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৬১৪]

১৭/ নিষিদ্ধ বিষয়াবলী (کتاب الأمور المنهى عنها)

পরিচ্ছেদঃ ২৮৬ : এতীমের মাল ভক্ষণ করা কঠোরভাবে নিষিদ্ধ

(286) بَابُ تَأْكِيْدِ تَحْرِيْمِ مَالِ الْيَتِيْمِ

### আরবী

وَعَنْ أَبِيْ هُرَيرَةَ رضي الله عنه عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم، قَالَ: «إَجْتَنِبُوا السَّبْعَ المُوبِقَاتِ!» قَالُوا: يَا رَسُولَ اللهِ صلى الله عليه وسلم، وَمَا هُنَّ ؟ قَالَ: «الشِّرْكُ بِاللهِ، وَالسِّحْرُ، وَقَتْلُ النَّفْسِ الَّتِي حَرَّمَ اللهُ إِلاَّ بِالحَقِّ، وَأَكْلُ الرِّبَا، وَأَكْلُ مَالِ اليَتِيمِ، وَالتَّوَلِّي يَوْمَ الزَّحْفِ، وَقَدْفُ المُحْصنَاتِ المُؤْمِنَاتِ الغَافِلاَتِ». متفق عَلَيْهِ

#### বাংলা

মহান আল্লাহ বলেছেন,

﴿إِنَّ الَّذِينَ يَأْكُلُونَ أَمْوَالَ الْيَتَامَىٰ ظُلُمًا إِنَّمَا يَأْكُلُونَ فِي بُطُونِهِمْ نَارًا ١٠ وَسَيَصْلَوْنَ سَعِيرًا﴾ [النساء: ١٠]

অর্থাৎ নিশ্চয় যারা পিতৃহীন [এতীম]দের সম্পদ অন্যায়ভাবে গ্রাস করে, তারা আসলে নিজেদের উদরে অগ্নি ভক্ষণ করে। আর অচিরেই তারা জ্বলন্ত আগুনে প্রবেশ করবে। (সূরা নিসা ১০ আয়াত)

তিনি আরও বলেছেন,

[وَلَا تَقْرَبُوا مَالَ الْيَتِيمِ إِلَّا بِالَّتِي هِيَ أَحْسَنُ ﴾ [الانعام: ١٥٢ ﴿

অর্থাৎ পিতৃহীন [অনাথ] বয়ঃপ্রাপ্ত না হওয়া পর্যন্ত সৎ উদ্দেশ্য ছাড়া তার সম্পত্তির নিকটবর্তী হয়ো না। (সূরা আন'আম ১৫২ আয়াত)

তিনি অন্য জায়গায় বলেছেন,

﴿ وَيَسْأَلُونَكَ عَنِ الْيَتَامَىٰ ١٤ قُلْ إِصْلَاحٌ لَهُمْ خَيْرٌ ١٤ وَإِنْ تُخَالِطُوهُمْ فَإِخْوَانُكُمْ ١٤ وَاللَّهُ يَعْلَمُ الْمُفْسِدَ مِنَ الْمُصْلِح ١٤ وَلَوْ شَاءَ اللَّهُ لَأَعْنَتَكُمْ ١٤ إِنَّ اللَّهَ عَزِيزٌ حَكِيمٌ ﴾ [البقرة: ٢٢٠]



অর্থাৎ লোকে তোমাকে পিতৃহীনদের সম্পর্কে জিজ্ঞাসা করে; বল, তাদের উপকারের চেষ্টা করাই উত্তম। আর যদি তোমরা তাদের সাথে মিলে মিশে থাক, তাহলে তারা তোমাদের ভাই। আল্লাহ জানেন কে হিতকারী ও কে অনিষ্টকারী। (সূরা বাকারাহ ২২০ আয়াত)

১/১৬২২। আবূ হুরাইরা রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "তোমরা সাত প্রকার ধ্বংসাত্মক কর্ম থেকে দূরে থাক।" লোকেরা বলল, 'সেগুলো কি কি? হে আল্লাহর রাসূল!' তিনি বললেন, [১] "আল্লাহর সাথে শিরক করা। [২] যাদু করা। [৩] অন্যায়ভাবে এমন জীবন হত্যা করা, যাকে আল্লাহ হারাম করে দিয়েছেন। [৪] সুদ খাওয়া। [৫] এতীমের ধন-সম্পদ ভক্ষণ করা। [৬] ধর্মযুদ্ধ কালীন সময়ে [রণক্ষেত্র] থেকে পৃষ্ঠ প্রদর্শন করে পলায়ন করা। [৭] সতী-সাধ্বী উদাসীনা মুমিন নারীদের চরিত্রে মিথ্যা কলঙ্ক আরোপ করা।" (বুখারী ও মুসলিম) [1]

## **English**

(286) Chapter: Prohibition of devouring the Property of an Orphan

### Allah, the Exalted, says:

"Verily, those who unjustly eat up the property of orphans, they eat up only fire into their bellies, and they will be burnt in the blazing Fire!" (4:10)

"And come not near to the orphan's property, except to improve it." (6:152)

"And they ask you concerning orphans. Say: `The best thing is to work honestly in their property, and if you mix your affairs with theirs, then they are your brothers. And Allah knows him who means mischief (e.g., to swallow their property) from him who means good (e.g., to save their property)." (2:220)

Abu Hurairah (May Allah be pleased with him) said:

The Prophet (ﷺ) said, "Keep away from the seven fatalities." It was asked:

"What are they, O Messenger of Allah?" He (ﷺ) replied, "Associating anything with Allah in worship (i.e., committing an act of Shirk), sorcery, killing of one whom Allah has declared inviolable without a just cause, devouring the property of an orphan, the eating of usury (Riba), fleeing from the battlefield and accusing chaste believing women, who never even think of anything touching their chastity."

[Al-Bukhari and Muslim].



Commentary: All the sins mentioned in the Hadith are major sins but Shirk is the greatest of all. The reason behind this is that it will never be pardoned, and one who commits it, will abide in Hell for all eternity. So far as the other major sins are concerned with Allah, He may forgive them if He so wills; otherwise one who is guilty of such sins will have to suffer the torments of Hell. He will, however, be sent to Jannah after suffering the punishment if he is a Muslim.

# ফুটনোট

[1] সহীহুল বুখারী ২৭৬৭, ২৭৬৬, ৫৭৬৪, ৬৮৫৭, মুসলিম ৮৯, নাসায়ী ৩৬৭১, আবূ দাউদ ২৮৭৪

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন